# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৩৫(৩য় অংশ)/১০১৮১ তারিখ ঃ ১৯/০৫/২০২৪ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

## ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফলের উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আগামী ২১/০৫/২০২৪ তারিখ থেকে ২০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত Online-এ আবেদনসহ ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

**Pay slip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলীঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট 103.113.200.36/PAMS/ICTUnit/Re_scruting.aspx থেকে Online-এ আবেদন ফরম পূরণ করে Pay slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা- নগদ, বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরণের কার্ড যেমনঃ AMERICAN EXPERESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে। বিশ্ববিদ্যালয়ে ফি জমাদানের কপি বা আবেদনের কপি জমা দেওয়ার কোন প্রয়োজন নাই।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরমপূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং একারণে পরবর্তীতে কোন জটিলতার সৃষ্টি হলে এর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, ফলাফল পুনঃনিরীক্ষণ ফি প্রতিপত্র ৮০০/- (আটশত) টাকা।

Mesbah uddin 19.5.24

(মেজবাহ্ উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd